

### শিলাইদহে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতাঃ  
বিশ্বকবি পুণ্য স্মৃতিধন্য কুষ্টিয়ার  
শিলাইদহে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার  
দাবি বাস্তবায়নের লক্ষ্যে বিশিষ্ট জালাল  
গবেষক ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা  
বিভাগের শিক্ষক প্রফেসর ডঃ আনোয়ারুল  
করিমকে আহ্বায়ক করে কুষ্টিয়া জেলাঃ  
বিভিন্ন পেশার খ্যাতনামা ব্যক্তিদের  
সমন্বয়ে ২০১ সদস্যবিশিষ্ট একটি কমিটি  
গঠন করা হয়েছে। এই কমিটি সোমবার  
স্থানীয় পাবলিক লাইব্রেরি মাঠে সভা  
আহ্বান করেছে।

কমিটি তাদের সিদ্ধান্ত মোতাবেক আগামী  
৮ মে শিলাইদহে রবীন্দ্রনাথ ঠাকুরের  
১৩৬তম "জন্মবার্ষিকী" পালন উপলক্ষে  
রাষ্ট্রীয় পর্যায়ে আয়োজিত দিনব্যাপী  
অনুষ্ঠানমালার উদ্বোধন করতে রাষ্ট্রপ্রধান  
অথবা সরকারপ্রধান এখানে এলে তাঁর  
নিকট হতে উক্ত দাবি বাস্তবায়নের  
ব্যাপারে প্রতিশ্রুতি আদায়ের বিষয়ে  
সক্রিয় ভূমিকা পালন করবে।